



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আবদুল গনি রোড, ঢাকা।
Web:www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৬২৯.১৮.

তারিখ : ১০/৩/২০২১ খ্রি:

বিষয় : প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দ।

সূত্র : আপনার কার্যালয়ের স্মারক নং-২৬৮৮ ও ২৩৪ তারিখঃ ২২/১২/২০২০ ও ০৩/০২/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন সাধারণ কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড নং-১৪৮০২০৩-০০০০০০ এর নিম্নবর্ণিত অর্থনৈতিক কোড ও খাতের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২০-২০২১ অর্থ বছরের জন্য নির্দেশক্রমে আপনার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ হতে গত অর্থ বছরের বকেয়া বিল(যদি থাকে) পরিশোধযোগ্য।

কোড নং	খাতের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
৩২৪৪১০১	ভ্রমণ ব্যয়	২০,০০০ (বিশ হাজার) টাকা মাত্র।
৩২৫৫১০১	কম্পিউটার সামগ্রি	৭,০০০ (সাত হাজার) টাকা মাত্র।
৩২৫৫১০৫	অন্যান্য মনিহারি	৫,০০০ (পাঁচ হাজার) টাকা মাত্র।
৩২৫৬১০৩	ব্যবহার্য সামগ্রি	৫,০০০ (পাঁচ হাজার) টাকা মাত্র।
৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জামাদি	৫,০০০ (পাঁচ হাজার) টাকা মাত্র।
৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি	১০,০০০ (দশ হাজার) টাকা মাত্র।
মোট=		৫২,০০০ (বায়ান হাজার) টাকা মাত্র।

উল্লেখ্য যে, মন্তব্য কলামে যে যৌক্তিকতা প্রদর্শন করা হয়েছে তা যথার্থ নয় বিধায় পরবর্তীতে প্রতিটি খাতের বিপরীতে সুস্পষ্ট যৌক্তিকতা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। তাছাড়া জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় গাজীপুর হতে প্রাপ্ত স্মারক নং-২৬৮৮ তারিখ: ২২/১২/২০২০ খ্রি: তারিখের পরে ০৪টি উপজেলায় বিশেষ ওএমএস খাতে মুদ্রণকৃত ৪৩,৮০০ টি কার্ডের অনুকূলে ১,৩১,৪০০/-টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে। এক্ষণে উপজেলা ভিত্তিক আলাদা আলাদা ভাবে টাকার পরিমাণ উল্লেখপূর্বক চাহিদা প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো। একইসাথে বরাদ্দকৃত অর্থ দ্বারা সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ব্যয় নির্বাহের জন্য এবং মাসিক প্রতিস্বাক্ষরিত খরচের হিসাব বিবরণী পরবর্তী মাসের ১০(দশ) তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১১৬

(মুহাম্মদ শাহাদাৎ ইসলাম)

সহকারী উপপরিচালক

ই-মেইল-adbudget@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর।

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৬২৯.১৮. ২০২১/১৩

তারিখ : ১০/৩/২০২১ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।

২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গাজীপুর।

(মুহাম্মদ শাহাদাৎ ইসলাম)
সহকারী উপপরিচালক

০৭/০৬/২১